গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অরডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৬-৩২৩

তারিখঃ ১৪/১০/২০১৬
সময়ঃবিকাল ৪.০০টা।

**বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**সমুদ্র বন্দর সমূহের জন্য সতর্ক সংকেতঃ** সমুদ্রবন্দর সমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

**নদীবন্দর সমূহের জন্য সতর্ক সংকেতঃ** নদী বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নেই।

পূর্বাভাসঃ চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় এবং বরিশাল ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ী দমকা হাওয়াসহ হাল্কা থেকে মাঝারী ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র আকাশ আংশিক মেঘলাসহ আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে।
তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে|

**গত ২৪ঘন্টায় বিভাগ ওয়ারীদেশের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা নিম্নরূপঃ**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চতাপমাত্রা | ৩৪.২ | ৩১.৫ | ৩৩.৪ | ৩২.৮ | ৩৪.০ | ৩১.৫ | ৩৫.২ | ৩২.৬ |
| সর্বনিম্নতাপমাত্রা | ২৩.৫ | ২২.৫ | ২৪.০ | ২২.৬ | ২২.২ | ২১.৮ | ২২.০ | ২৪.৪ |

*দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল যশোর ৩৫.২°সে. এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল তেঁতুলিয়া ২১.৮° সে.।

০২। **নদ-নদীরপানি হ্রাস /বৃদ্ধির সর্বশেষ অবস্থাঃ (**তথ্যসূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাপাউবো**)**

| | | | |
|---|---|---|---|
| মোট পর্যবেক্ষণ পয়েন্টের সংখ্যা | ৯০টি | পানি স্থিতিশীল রয়েছে | ০৬টি |
| পানি বৃদ্ধি পেয়েছে | ৩৩টি | তথ্য পাওয়া যায়নি | ০৭টি |
| পানি হ্রাস পেয়েছে | ৪৪টি | বিপদসীমার উপরে দিয়ে প্রবাহিত হচ্ছে | ০০টি |

**দেশের সকল নদ-নদীর পানি বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।**

এক নজরে নদ-নদীর পরিস্থিতি

- ব্রহ্মপুত্র-যমুনা, গঙ্গা এবং সুরমা নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, অপরদিকে কুশিয়ারা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে। পদ্মা নদীর পানি সমতল স্থিতিশীল রয়েছে।
- ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি আগামী ২৪ ঘন্টায় অব্যাহত থাকতে পারে।
- গঙ্গা নদীর পানি সমতল আগামী ২৪ ঘন্টায় স্থিতিশীল থাকতে পারে, অপরদিকে পদ্মা নদীর পানি সমতল বৃদ্ধি পেতে পারে।
- আগামী ২৪ ঘন্টায় সুরমা নদীর পানি সমতল হ্রাস পেতে পারে, অপরদিকে কুশিয়ারা নদীর পানি সমতল হ্রাস অব্যাহত থাকতে পারে।

**গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বৃষ্টিপাতঃ** (গতকাল সকাল ৯.০টা থেকে আজ সকাল ৯.০টা): **বৃষ্টিপাত নাই।**

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| - | - | - | - |

০৩।**অগ্নিকান্ডঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার জানান, আজ কোথাও থেকে উল্লেখযোগ্য কোন অগ্নিকান্ডের খবর পাওয়া যায়নি।

দুর্যোগ পরিস্থিতি মনিটরিংকরার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের NDRCC (জাতীয়দুর্যোগসাড়াদানসমন্বয়কেন্দ্র) ২৪ ঘন্টা (৭x২৪) খোলা রয়েছে। দুর্যোগ সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য NDRCC'রনিম্নবর্ণিত টেলিফোন/ ফ্যাক্স/ email নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃNDRCC'রটেলিফোন নম্বরঃ ৯৫৪৫১১৫, ৯৫৪০৪৫৪, ৯৫৪৯১১৬;
**ফ্যাক্স নম্বরঃ ৯৫৪০৫৬৭, ৯৫৪৯১৪৮, ৯৫৭৫০০০; ফোন নাম্বারঃ ৯৫৪০৪৫৪, ৯৫৪৫১১৫, ৯৫৪৯১১৬**
**Email:ndrcc@modmr.gov.bdমোবাইল নম্বরঃ** অতিরিক্ত সচিব (দুব্যক) ০১৯৩৭-১৬৩৫৮২, উপসচিব (এনডিআরসিসি)৯৫৪৬৬৬৩/০১৫৩৬২৩৯২৬০

স্বাক্ষরিত/
**(জিএম আব্দুল কাদের)**
উপসচিব (এনডিআরসিসি)
ফোনঃ ৯৫৪৬৬৬৩

**সদয় অবগতি / প্রয়োজনীয় কার্যার্থেঃ (জ্যেষ্ঠতা /পদমর্যদার ক্রমানুসারে নয়)**

০১। মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৪। সচিব, দুর্যোগব্যবস্থাপনাওত্রাণমন্ত্রণালয়।
০৫। প্রিন্সিপাল ষ্টাফ অফিসার,সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৬। মহা-পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন/দুঃব্যঃ/ত্রাণ/দুব্যক), দুর্যোগব্যবস্থাপনাওত্রাণমন্ত্রণালয়।
০৮। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব),দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী,ঢাকা।
০৯। প্রধানতথ্যকর্মকর্তা,পিআইডি,বাংলাদেশসচিবালয়,ঢাকা।ইলেক্ট্রোনিক ওপ্রিন্টমিডিয়াতেপ্রচারেরজন্য অনুরোধ করা হলো।
১০। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১১। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগব্যবস্থাপনাও ত্রাণ মন্ত্রণালয়।
১২। যুগ্মসচিব (প্রশাঃ/বাজেট/দুব্যক-১/দুব্যক-২/সমন্বয় ও সংসদ/ত্রাণ প্রশাসন/আইন সেল/দুব্যপ্রঃ), দুর্যোগব্যবস্থাপনাও ত্রাণ মন্ত্রণালয়।
১৩। পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১৪। উপ-সচিব (সেবা/দুব্যক-২/দুব্যক-১/প্রশাঃ/প্রশিক্ষণ/বাজেট/অডিট/ত্রাণ প্রশাঃ/ত্রাণ-১/ত্রাণ-২)/উপ-প্রধান(পরি), দুর্যোগব্যবস্থাপনাও ত্রাণ মন্ত্রণালয়।
১৫। সিস্টেম এনালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
১৬। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগব্যবস্থাপনাও ত্রাণ মন্ত্রণালয়।
১৭। সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান/সহকারী সচিব/সহকারী প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

বরাবর,
সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

মাধ্যমঃ যথাযথ কর্তৃপক্ষ

বিষযঃ ৫২ বছর বয়স পূর্তিতে সাধারন ভবিষ্য তহবিল থেকে গৃহিত অগ্রীম অফেরৎ যোগ্য অগ্রীমে রুপান্তর।

সূত্রঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-৫ অধিশাখার পত্র নং ০৫.০০.০০০০.১১৪.০৩.০০৫.০১৫(অংশ-১)-১২৪৭
তারিখ ০৮/১১/২০১৫ ।

মহোদয় ,

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সাধারন ভবিষ্য তহবিল বিধিমালা ১৯৭৯ এর ১৩(২)(ই) বিধান অনুযায়ী সূত্রস্থ স্মারকের মাধ্যমে আমার ভবিষ্য তহবিল ম্যাজি/দর্শণা/০৫ হতে গৃহনির্মাণ বাবদ ৮৮,০০০/- টাকা ০৮/১১/২০১৫ তারিখে আমার অনুকূলে অগ্রীম হিসেবে মন্জুর করা হয় । উক্ত অগ্রীমের টাকা মাসিক ২,০০০/- টাকা হারে ৪৪ কিস্তিতে পরিশোধের নির্দেশ প্রদান করা হয়। উল্লেখ্য যে, ৩০/১২/২০১৫ তারিখে আমার বয়স ৫২ বছর পূর্ণ হয়েছে। আমার পারিবারিক অসুবিধার কারণে উক্ত টাকা ফেরৎ প্রদান করা বর্তমানে আমার পক্ষে কষ্টকর হয়ে পড়েছে। তাই,আমি উক্ত অগ্রীমের টাকা অফেরৎযোগ্য অগ্রীমে রুপান্তর করতে ইচ্ছুক।

এমতাবস্থায়, ৩০/১২/২০১৫ তারিখেআমার বয়স ৫২ বছর পূর্ণ হওয়ায় পারিবারিক অসুবিধার কারণে উক্ত অর্থ ফেরৎ প্রদান করা আমার পক্ষে অত্যন্ত কষ্টকর হওয়ায় সূত্রস্থ স্মারকমূলে গৃহীত অগ্রীমকে অফেরৎযোগ্য অগ্রীমে রুপান্তর করার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

সংযুক্তিঃ বর্ননা মোতাবেক ১ পাতা

বিনীত নিবেদক,
আপনার একান্ত অনুগত,

(জি এম আব্দুল কাদের)
উপসচিব
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
পরিচিতি নং ৫৪৪৮

বরাবর,
সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

মাধ্যমঃ যথাযথ কর্তৃপক্ষ

বিষয়ঃ আমার সাধারন ভবিষ্য তহবিল হিসাব নম্বর ম্যাজি/দর্শণা/০৫ থেকে সন্তানের লেখাপড়ার ব্যয় নির্বাহের জন্য অফেরৎ যোগ্য অগ্রীম হিসেবে ৭০.০০০/-টাকাউত্তোলনের আবেদন।

মহোদয় ,

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আমার সন্তানের লেখাপড়ার ব্যয় নির্বাহের জন্য সাধারন ভবিষ্য তহবিল ম্যাজি/দর্শণা/০৫ হতে ৭০,০০০/- টাকা উত্তোলন করা একান্ত প্রয়োজন।উল্লেখ্য যে, ৩০/১২/২০১৫ তারিখে আমার বয়স ৫২ বছর পূর্ণ হয়েছে। তাই, আমি উক্ত পরিমান টাকা অফেরৎ যোগ্য অগ্রীম হিসেবে উত্তোলন করতে ইচ্ছুক।

এমতাবস্থায়, আমার বয়স ৫২ বছর পূর্ণ হওয়ায় আমার সন্তানের লেখাপড়ার ব্যয় নির্বাহের জন্য অফেরৎ যোগ্য অগ্রীম হিসেবে আমার সাধারন ভবিষ্য তহবিল থেকে আমাকে ৭০,০০০/- টাকা উত্তোলনের অনুমোতি প্রদানের জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

সংযুক্তিঃ ১) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কর্যালয় কর্তৃক প্রদত্ত হিসাব বিবরণী- ১ পাতা
২) ঋণ গ্রহণের জন্যপূরণকৃত নির্ধারিত ফরম- ১ পাতা

বিনীত নিবেদক,
আপনার একান্ত অনুগত,

(জি এম আব্দুল কাদের)
উপসচিব
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
পরিচিতি নং ৫৪৪৮